



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



Me-17107

নং-বামাশিবো/প্রশাসন/পটুয়াখালী-১৯২/১০৮৬৪

তারিখ: ১৬.০৬.২০১৯ইং

বিষয় : দায়িত্ব অবহেলা ও বিধি বহির্ভূতভাবে সভাপতি নির্বাচিত হওয়ার কারণ দার্শনো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন আদাবাড়ীয়া ফাতেমা জোহরা বালিকা দাখিল মাদ্রাসার সুপারের অবর্তমানে মাদ্রাসার সহ সুপার জনাব আব্বাস আলীকে ভারপ্রাপ্ত সুপার না করে প্রতিষ্ঠানের জুনিয়র শিক্ষক জনাব আব্দুল মান্নানকে সুপারের দায়িত্ব দেয়াকে কেন্দ্র করে সৃষ্ট জটিলতা নিরসনে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ফোনাল্যাপের মাধ্যমে সমস্যা সমাধান করার জন্য আপনাকে অবহিত করার পরও বিষয়টি সমাধান না করে উর্ধ্বতন কর্মকর্তার নির্দেশনাকে অবজ্ঞা করেছেন, যা করিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের জনবল কাঠামো-২০১৮ এর ১৭(৪) ধারার পরিপন্থি। যেহেতু আপনি মোহসেন উদ্দিন নূরীয়া ফাযিল মাদ্রাসার জুনিয়র শিক্ষক (ইনডেক্স-০৬৫১৯৬)। গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯ এর ৭(২) ধারা মোতাবেক কোন শিক্ষক ম্যানেজিং কমিটির সভাপতি হতে পারবেনা মর্মে নির্দেশনা থাকা সত্ত্বেও আপনি সভাপতি নির্বাচিত হয়েছেন যা বিধি সম্মত নয়।

বর্ণিত অবস্থায় কেন আপনার সভাপতি পদ বাতিল করা হবেনা তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

সভাপতি

ম্যানেজিং কমিটি,

আদাবাড়ীয়া ফাতেমা জোহরা বালিকা দাখিল মাদ্রাসা

পো: মাধবপুর, বাউফল, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশাসন/পটুয়াখালী-১৯২/১০৮৬৪

তারিখ: ১৬.০৬.২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
৪. সুপার, আদাবাড়ীয়া ফাতেমা জোহরা বালিকা দাখিল মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী।
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের অবগতির জন্য)।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

স্বাঃ

মোঃ মজিবুর রহমান

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৯৬৭৪৮৭৪

স্বাঃ  
১৬/০৬/১৯